দামুড়হুদায় দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার ১৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন

দক্ষিন পশ্চিমাঞ্চলের জনপ্রিয় দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার ১৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়েছে। আজ বৃহস্পতিবার রাত ৮ টার সময় দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার দামুড়হুদা অফিসের আয়োজনে অফিস কক্ষে কেক কেটে প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়।

দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি মোঃ আরিফুল ইসলাম মিলন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মডেল থানার নবাগত ওসি তদন্ত শেখ মাহাবুবুর রহমান, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও জাতীয় দৈনিক ইত্তেফাক পত্রিকার দামুড়হুদা উপজেলা প্রতিনিধি মো: মনিরুজ্জামান ধীরু।

এসময় অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন, দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার কার্পাসডাঙ্গা প্রতিনিধি মেহেদী হাসান মিলন, সাংবাদিক বিল্লাল হোসেন, দৈনিক জনতার ইশতেহার পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি রাজু আহাম্মেদ, সাংবাদিক মিরাজ রায়হান প্রমূখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার হাউলী প্রতিনিধি আনারুল ইসলাম।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর বলেন, দেশের যেকোনো উন্নয়নমূলক কাজ বা ভালো-মন্দ এবং সম্ভাবনা সবকিছুই আমরা সাংবাদিকদের লেখনির দ্বারা পত্রিকার মাধ্যমে দেশের মানুষ সবকিছু জানতে পারে। তাই সাংবাদিক এবং সংবাদপত্র দেশের জন্য খুবই গুরুত্বপূর্ণ কাজ করে। আমরা যারা আইনের লোক আছি তারা সব সময় চাই সাংবাদিকদের মাধ্যমে সংবাদপত্রে যেন বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করা হয়। আপনারা কেউ ভুল তথ্য দিয়ে কোন সংবাদ পরিবেশন করবেন না। আমি দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি। সাংবাদিক পুলিশ আমরা ভাই ভাই, আমরা সবাই কাঁধে কাঁধ মিলিয়ে দেশের উন্নয়নে কাজ করবো, আজ দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকীতে এই হোক আমাদের সকলের

প্রত্যয়।

গাংনীতে ৩ দিন ব্যাপি উন্নয়ন মেলা স্থানীয় সরকার দিবস-২০২৩ উদযাপন

“সেবা ও উন্নতির দক্ষ রুপকার উন্নয়নে-উদ্ভাবনে স্থানীয় সরকার”এই প্রতিপাদ্যকে সামনে রেখে গাংনীতে জাতীয় স্থানীয় সরকার দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে ৩ দিন ব্যাপি উন্নয়ন মেলার উদ্বোধন করা হয়েছে।

গাংনী উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনের আয়োজনে ৩ দিন ব্যাপি এই (১৭-১৯ সেপ্টেম্বর) উন্নয়ন মেলার আয়োজন করা হয়।

গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেকের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী দিনে প্রধান অতিথি হিসেবে উন্নয়ন মেলার উদ্বোধন করেন, মেহেরপুর-২ গাংনী আসনের জাতীয় সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা নিবার্হী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, গাংনী উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন প্রমুখ্।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, আওয়ামীলীগের নেতা মনিরুজ্জামান মাষ্টার, মনিরুজ্জামান আতু, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল রানা, ধানখোলা ইউনিয়নের চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মুহ আলম হুসাইন, ষোলটাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনোয়ার পাশা। উদ্বোধনের আগে আমন্ত্রিত অতিথিবৃন্দ মেলায় সজ্জিত ১৩ টি স্টল পরিদর্শন শেষে প্রধান অতিথি এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন মেলার উদ্বোধন করেন। সচিব ও গ্রাম পুলিশের সদস্যবৃন্দ ও সরকারী

দপ্তরের কর্মকর্তা কর্মচারীবৃন্দ, বীর মুক্তিযোদ্ধাগন, শিক্ষক বৃন্দ, সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

উন্নয়ন মেলা আকষর্ণীয় করতে এবং দর্শকদের আনন্দ-বিনোদন দিতে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ও গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজের শিক্ষার্থীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

দামুড়হুদায় স্থানীয় সরকার দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা

দামুড়হুদায় ১৪ সেপ্টেম্বর-২০২৩ স্থানীয় সরকার দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি মূলক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সকাল সাড়ে ১০ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সভা কক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এসময় আরও উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার এসআই শেখর চন্দ্র মল্লিক, উপজেলা পাট অফিসার রিয়াজুল ইসলাম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন, নাটুদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম শফি, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, দর্শনা পৌর প্যানেল মেয়র রবিউল হক সুমন, হাউলী ইউপি সচিব নাঈম উদ্দিন সহ উপজেলার সকল ইউপি সচিব, উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা বৃন্দ, জনপ্রতিনিধি বৃন্দ, স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ, প্রিন্ট ও

ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন। সভায় ১৮ ,১৯,২০ এই তিন দিন উপজেলা চত্বরে উন্নয়ন মেলা অনুষ্ঠিত হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

ঝিনাইদহে লোকনাথ বাবার আবির্ভাব দিবস উদযাপন

ঝিনাইদহে শ্রী শ্রী লোকনাথ ব্রহ্মচারী বাবার ২৯৩ তম আবির্ভাব দিবস উদযাপন করেছে শ্রী শ্রী লোকনাথ ব্রহ্মচারী সেবক সংঘ , পুরাতন হাঠ খোলা ঝিনাইদাহ জেলা শাখা।

দিবসটি উপলক্ষে মঙ্গলবার (৫ সেপ্টেম্বর) সকাল ১১ টার দিকে মন্দির প্রাঙ্গণ থেকে এক বর্ণাঢ্য শোভাযাত্রা ও মাঙ্গলিক পূজার আয়োজন করা হয়। বাবার পূজা দিতে শত শত ভক্ত লোকনাথ মন্দিরে সমাগম হয়। বাবার মাঙ্গলিক পূজা শেষে ভক্তদের মাঝে প্রসাদ বিতরণ করা হয়।

মন্দিরের সভাপতি রনি সাহা জানান , প্রতিবছরে এখানে আমরা লোকনাথ পুজো করে থাকি শত শত ভক্তের এখানে আগমন হয়। এবার আমরা সন্ধ্যা ছয়টার দিকে নীলা কীর্তন আয়োজন করেছি। নীলা কীর্তন শেষে ভক্তদের মাঝে প্রসাদ বিতরণ করা হবে।

গাংনীতে বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিবের ৯৩ তম জন্মবার্ষিকী উদযাপন

বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব এর ৯৩ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে গাংনীতে আলোচনা সভা ও সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার (৮ আগষ্ট) সকাল সাড়ে ৯ টার দিকে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মোঃ নাদির হোসেন শামীম , অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিতি ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক

স্বাগত বক্তব্য রাখেন গাংনী উপজেলা মহিলা ও শিশু বিষয়ক অফিসার নাছিমা খাতুন , বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন , বিশিষ্ট আওয়ামী লীগ নেতা ও মেহেরপুর ২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এমপি প্রতিনিধি মনিরুজ্জামান আতু , গাংনী উপজেলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন , গাংনী উপজেলা কৃষি অফিসার মোঃ ইমরান হোসেন , সহ উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ,রাজনৈতিক নেতৃত্ব বৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে ৮ জন উপকারভোগীকে সেলাই মেশিন প্রদান করা হয়।

মেহেরপুরে বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিবের ৯৩তম জন্মবার্ষিকী উদযাপন

বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবের ৯৩ তম জন্মবার্ষিক উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা ও সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

মেহেরপুর জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তর এবং জাতীয় মহিলা সংস্থার উদ্যোগে মঙ্গলবার (৮ আগষ্ট) সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা ও সেলাই মেশিন বিতরণ করা হয়।

জেলা প্রশাসক মো : শামীম হাসানের সভাপতিত্বে সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ -পরিচালক নীলা হাফিয়া।

এছাড়াও এসময় সিভিল সার্জন ডাঃ জওয়াহেরুল আনাম সিদ্দিক, জেলা পরিষদের চেয়ারম্যান এ্যাডঃ আব্দুস সালাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আব্দুল কাদির মিয়া,অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান, জেলা আনসার কমান্ডেন্ট সাহাদাত হোসেন, জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দীন, মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উপরিচালক কাজী কাদের মোঃ ফজলে রাব্বি, জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান শামিম আরা হীরা, পৌর কাউন্সিলর রোকসান কামাল রুনু প্রমুখ উপস্থিত ছিলেন।

বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এর ৯৩ তম জন্মবার্ষিক উপলক্ষে ২৫ জন দুস্থ মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়।

মেহেরপুরে পবিত্র ঈদুল আযহার উদযাপন

সারা দেশের ন্যায় মেহেরপুরে উদযাপিত হয়েছে পবিত্র ঈদুল আযহার। ঈদের দিন ৮টায় ঈদের প্রধান জামাত অনুষ্ঠিত হয় শহরের পৌর ঈদগাহ ময়দানে। ঈমামতি করেন মাও. আব্দুল হান্নান।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, জেলা প্রশাসক মোঃ আজিজুল ইসলাম, পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ এ ঈদ জামাতে অংশ নেন। সকাল সাড়ে ৮ টা ঈদের ২য় জামাত অনুষ্ঠিত হয় শহরের মেহরপুর-চুয়াডাঙ্গা সড়কের পুরাতন ঈদগাহ ময়দানে। ঈমামতি করেন মাও. মোঃ রোকন উদ্দীন।

এছাড়াও জেলার তিন উপজেলার ৩৭৪ টি ঈদগাহ ময়দানে ঈদের জামাত অনুষ্ঠিত হয়েছে। মুসুল্লিরা ঈদের নামাজ আদায় করেছেন। জেলায় ঈদের জামায়াতকে কেন্দ্র করে কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

মেহেরপুরে ঈদুল আযহা উদযাপনে প্রস্তুতি সভা

ধর্মীয় ভাবগাম্ভীর্য ও উৎসবমুখর পরিবেশে পবিত্র ঈদুল আযহা উদযাপন এবং আইন শৃংখলা পরিস্থিতি সমুন্নত রাখার লক্ষ্যে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় উপস্থিত ছিলেন, বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আব্দুল কাদির মিয়া, অতি: পুলিশ সুপার কামরুল আহসান, গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক, সদর উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম ও মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস, গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাদিয়া সিদ্দিকা সেতু মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস অফিসারবৃন্দ, মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন, গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী, ও সরকারি কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় কুরবানির পশু চামড়া সংরক্ষণ, জালনোট প্রতিরোধ, আনলাইন পশু কেনাবেচার ব্যবস্থা, পশুবাহী ট্রাকের চাঁদাবাজিমুক্ত নির্বিঘ্ন চলাচল নিশ্চিতকরণ, সড়ক/মহাসড়কের পাশে পশুর হাট নিয়ন্ত্রণ, পশুরহাটে অস্থায়ী ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প স্থাপন, সীমান্ত দিয়ে পশুর অবৈধ অনুপ্রবেশ জিরো রাখা, শহরের পরিচ্ছন্নতা, ঈদগাহ ময়দান প্রস্তুতকরণ, প্রতিটি ওয়ার্ডে পৌরসভার উদ্যোগে কুরবানির জন্য জায়গা প্রস্তুত করে দেয়া, মোটর সাইকেলের বেপরোয়া চলাচল নিয়ন্ত্রণসহ আইন শৃংখলা বিষয়ে আলোচনা হয়। সভায় ঈদগাহ জামাতসমূহের সময়সূচি নির্ধারণ করা হয়।

জীবননগরে জুলিও কুরি শান্তি

পদক প্রাপ্তির ৫০ বছর পুর্তি উদযাপন

জীবননগরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জুলিও কুরি শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পুর্তি উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার সকাল সাড়ে ৯টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা চত্বর থেকে একটি র্যালীবের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদের হলরুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলার ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা তিথি মিত্রর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্তিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম , জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ নাসির উদ্দিন মৃধা , জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী , বীর মুক্তিযোদ্ধা সাইদুর রহমান প্রমুখ।

আলমডাঙ্গায় বাংলা নববর্ষ ১৪৩০ উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা

আলমডাঙ্গায় বাংলা নববর্ষ ১৪৩০ উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার উপজেলা পরিষদের হলরুমে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

প্রস্তুতি সভায় উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূরের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহমেদ ডন, সহকারি কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ, জেলা আওয়ামীলীগের সাবেক বন ও পরিবেশ সম্পাদক শহিদুল ইসলাম খান, বীর মুক্তিযোদ্ধা এম সবেদ আলী, উপজেলা আওয়ামীলীগের সাবেক সহসভাপতি মজিবর রহমান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. হাদী জিয়া উদ্দিন আহমেদ সাঈদ, আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার নাথ, পুলিশ পরির্দশক অপারেশন একরামুল হোসাইন, পৌর সভার প্যানেল মেয়র খন্দকার মজিবুল ইসলাম, ইউপি চেয়ারম্যান তাফসির আহমেদ মল্লিক লাল।

এছাড়াও উপস্থিত ছিলেন প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. আব্দুল্লাহিল কাফি, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, মৎস্য সম্প্রসারন কর্মকর্তা শারমীন আক্তার, আলমডাঙ্গা সরকারি কলেজের প্রভাষক ড. মাহবুব আলম, ফায়ার সার্ভিস ষ্টেশন অফিসার মিজানুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আব্দুল হামিদ, সমাজ সেবা কর্মকর্তা নাজমুল হোসেন, জনস্বাস্থ্য প্রকৌশলী হাসিবুজ্জামান, সমবায় কর্মকর্তা মমতা বানু, বিআরডিবি কর্মকর্তা শায়লা শারমীন, তথ্য অফিসার স্নিগ্ধা দাস, এরশাদপুর একাডেমির সহকারি প্রধান শিক্ষক মীর কাঞ্জুল আরেফিন, পাইলট সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক গৌতম কুমার পাল, পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারি শিক্ষক আশরাফুল ইসলাম, ওজোপাডিকোর আবাসিক প্রকৌশলী শাহিনুর রহমান প্রমুখ। সভায় নানা আয়োজনে বাংলা নববর্ষ ১৪৩০ উদযাপন করার সিদ্ধান্ত গ্রহন করা হয়।